অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর আউটার হার্বারে টার্মিনাল A-এর পুনরুন্নয়ন করার উদ্দেশ্যে প্রস্তাবের অনুরোধ জমা দেওয়ার ঘোষণা করেছেন

প্রকল্পটিতে পার্সেল এবং একাধিক বিল্ডিংয়ের বিক্রয় অন্তর্ভুক্ত থাকবে, যার মধ্যে বাফেলোর ওয়াটারফ্রন্টের অন্যতম বড় বিল্ডিংগুলো অন্তর্ভুক্ত রয়েছে

সম্পত্তিটির ফটো এখানে উপলভ্য

গভর্নর ক্যাথি হোকল বাফেলোর আউটার হার্বারে টার্মিনাল A নামে পরিচিত বিল্ডিংটি পুনরুন্নয়ন করার উদ্দেশ্যে প্রস্তাবের জন্য আজ অনুরোধ জমা দেওয়ার একটি ঘোষণা করেছেন, প্রায় 550,000 বর্গফুটের এই বিল্ডিং কয়েক বছর ধরে খালি করা হয়েছে। এই RFP অভিজ্ঞ রিয়েল এস্টেট ডেভেলপারদের 901 ফুহরম্যান বুলেভার্ড-এ অবস্থিত মূল টার্মিনাল এবং সংলগ্ন তিনটি বিল্ডিং কিনে তা অনন্য ওয়াটারফ্রন্টের দ্রষ্টব্যস্থানে রূপান্তরিত করার একটি সুযোগ এনে দেয়। এরি ক্যানাল হার্বার উন্নয়ন কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation), একটি স্টেট সংস্থা ধারণা করছে যে প্রকল্পটি সম্ভবত আবাসিক, রেস্টুরেন্ট, অফিসের জায়গা, সাংস্কৃতিক আকর্ষণ এবং পার্কিংয়ের ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে পারে। প্রস্তাবগুলো 2023 সালের 30শে মার্চ, বৃহস্পতিবার রাত 8টার মধ্যে জমা দিতে হবে।

"টার্মিনাল A একটি বিশাল খালি পরিকাঠামো, যার একটি দর্শনীয় গন্তব্য হয়ে ওঠার দুর্দান্ত সম্ভাবনা আছে, যা আউটার হার্বারে অন্যান্য উন্নয়নের সাফল্যের উপর গড়ে ওঠেছে," **বলেছেন গভর্নর হোকল।** "এখন বাফেলোর এই অনন্য এবং ঐতিহাসিক নির্মাণকৌশল সংক্রান্ত সম্পত্তিটির সুযোগ নেওয়ার সময় এসেছে, অনেকটা অন্যান্য ওয়াটারফ্রন্ট শহরাঞ্চলের বড় টার্মিনালগুলোয় যেমন হয়েছে ঠিক তার মতো। আমরা সম্পত্তিটি একটি দর্শনীয় গন্তব্যে রূপান্তরিত করার জন্য সৃজনশীল প্রস্তাবগুলো জমা পরবে বলে আশার আছি যা পরিদর্শকদের জলপ্রান্তে যেমন আকর্ষণ করবে তেমনই থাকার ও উন্নতির জন্য একটি অনন্য জায়গা দেবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন, "টার্মিনাল A পুনরুন্নয়নের ডন্য গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গি বাফেলো ওয়াটারফ্রন্টের অভিনব পুনরুজ্জীবনের প্রতি আরও একটি পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমরা দেখেছি কীভাবে আউটার হার্বারটি একটি অত্যাবশ্যকীয় দর্শনীয় স্থান হয়ে উঠেছে, স্মার্ট বিনিয়োগগুলোর থেকে

সুবিধা নিয়েছে যা শুধু চাকরিই দেয়নি, সাথে একটি স্থানে গর্ব তৈরি করেছে যেখানে মানুষ বাস করতে, চাকরি করতে চান এবং ঘুরতে যেতে চান।"

টার্মিনাল A হল একটি স্টিল-ফ্রেম দেওয়া, ইঁট দিয়ে মোড়া নির্মাণ যা 1930-1931 এর মধ্যে নির্মাণ করা হয়েছিল। বিল্ডিংটি দক্ষিণ দিক, দুতলা ও তিনতলার জায়গা এবং বিল্ডিংটির পূর্বদিকের শেষপ্রান্তে একটি অফিসের চত্বর সহ একটি হাই-বে স্টোরেজ চত্বরে গঠিত। বিশিষ্ট স্থপতি এলবার্ট কাহন ফোর্ড মোটর কোম্পানির জন্য বিল্ডিংটির নকশা করেছিলেন। 2019 সালে টার্মিনাল A একটি স্থানীয় ল্যান্ডমার্ক হিসাবে নির্ধারিত হয়। এরসাথে বিক্রয় ক্ষেত্রে অন্তর্ভুক্ত হয় আশেপাশের সহায়ক বিল্ডিংগুলো যা প্রশাসনিক বিল্ডিং, ফায়ার পাম্প হাউস এবং ব্লু বিল্ডিং নামে পরিচিত। সহায়ক বিল্ডিংগুলো নিম্নলিখিত বৈশিষ্ট্যের সমন্বয়ে গঠিত:

- প্রশাসনিক বিল্ডিং: 6,700-বর্গফুট স্টিলের ফ্রেম, ইঁটে মোড়া পরিকাঠামো যার মধ্যে একটি গ্যারেজ এবং স্টোরেজের চত্বর এবং অফিসের জায়গাগুলো আওতাভুক্ত আছে।
- ফায়ার পাম্প হাউস: 370-বর্গফুট পরিকাঠামো।
- ব্লু বিল্ডিং: 4,300-বর্গফুট ধাতব ফ্রেমের গ্যারেজ।

লেক সন্নিহিত সম্পত্তিটির মধ্যে অন্তর্ভুক্ত আছে উল্লম্ব সমুদ্ররেখার 1,720-রৈখিক-ফুট এবং দক্ষিণাঞ্চলীয় প্রান্ত সহ গভীর-জলের স্লিপে প্রায় 4.2 একর।

এরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন-এর চেয়ারম্যান রবার্ট জিওইয়া বলেন, "টার্মিনাল A এর পুনরুন্নয়ন আউটার হার্বারটিকে একটি শহরাঞ্চলীয় ওয়াটারফ্রন্ট স্থান হিসাবে পরবর্তী পর্যায়ে নিয়ে যাবে। এই অনন্য স্থাপত্য রত্নটির সুযোগ নিতে আমরা আরও যেমন আরও পর্যটক পাবো, তখনই আবাসিকদের প্রথম এসে বাস করার জন্য এবং বর্ধিত কার্যকলাপকে আকর্ষিত করব – যার সবকিছুর মধ্যে সারা বছর ব্যাপি একটি দর্শনীয় গন্তব্য হিসাবে আউটার হার্বারকে নিশ্চিত করা হবে।"

2021 সালে, ইর ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন (Erie Canal Harbor Development Corporation, ECHDC) প্রায় 200-একরের আউটার হার্বারের জন্য একটি 150 মিলিয়ন ডলারের সাধারণ প্রকল্প পরিকল্পনা (General Project Plan, "GPP") গ্রহণ করেছি। উন্নয়ন সাইটের উত্তরে অবস্থিত, পর্যায় 1 এর উন্নয়নে ইতিমধ্যে 43 মিলিয়ন ডলার খরচ হয়ে গেছে। GPP-টি এখানেপাওয়া যেতে পারে।

ECHDC টার্মিনাল B কমপ্লেক্স সহ 901 ফুহরম্যান বুলেভার্ড-এর উত্তরে সংলগ্ন পার্সেলগুলোর মালিকানা বজায় রাখবে, যেটিকে 901 ফুহরম্যান পার্সেল থেকে আলাদা করে দেওয়া হয়েছে। বর্তমানে, টার্মিনাল B কমপ্লেক্সটিকে একটি গণ অনুষ্ঠানের কেন্দ্রে পরিণত করা হয়েছে যা দাতব্য ওয়াক/ইভেন্ট, কনসার্ট এবং সাংস্কৃতিক উৎসবগুলোর আয়োজন করবে। কমপ্লেক্সটিকে একটি ওপেন-এয়ার মঞ্চ আছে সাথে মঞ্চমুখী একটি স্লোপযুক্ত লন যার মধ্যে সর্বোচ্চ 8,000 দর্শক বসানো যেতে পারে। টার্মিনাল B কমপ্লেক্সের সংলগ্ন হল লেক সন্নিহিত বাইক পার্ক যার উদ্বোধন 2019 সালে হয়েছিল। এই সর্বজনীন বাইক পার্কটিতে তিনটি শহুরে মাউন্টেন বাইক কোর্স এবং

একটি পাম্প ট্র্যাক আছে। বাইক পার্ক এবং টার্মিনাল B এর মাঝে অবস্থিত গ্রেট লন, 3 একরের বেশি জমি নিয়ে খোলা উদ্যান যা বিভিন্ন ধরণের পরোক্ষ কার্যকলাপের জন্য উপযুক্ত। এই ধরনের উপকরণগুলোর প্রতিটি গ্রিনওয়ে ট্রেইল (Greenway Trail)-এর কিছু অংশ এবং পথচারীদের হাঁটার পথ দিয়ে সংযুক্ত।

ফুহরম্যান বুলেভার্ড-এর সাথে আরও উত্তরে আরও অনেক পরোক্ষ বিনোদনের কেন্দ্র আছে যার মালিক ECHDC এবং তার দ্বারাই চালিত। এগুলো হল বেল স্লিপ, উইল্কেসন পয়েন্টে এবং প্রথম বাফেলো রিভার মারিনা। বেল স্লিপ ECHDC প্রপার্টির মাঝখানে অবস্থিত। জনসাধারণের ত্বরান্বিত ফান্ডিংয়ের বদান্যতায়, যা গভর্নর হোকল অগাস্ট মাসে নেতৃত্ব দিয়েছিলেন এবং ঘোষণা করেছিলেন, পর্যটকদের পার্কিং উন্নত করতে, পথচারীদের যাতায়াত পথের সংযোগ উন্নত করতে, বেল স্লিপের প্রান্তে একটি ওভারলুক প্রদান করতে এবং একটি সুলভ শৌচালয়ের বিল্ডিং নির্মাণ করতে এই সাইটে নির্মাণের কাজ 2023-এ শুরু হবে। পরিকল্পনাগুলো উইল্কেসন পয়েন্টে প্রস্তাবিক সুযোগ-সুবিধা উন্নত করার জন্য নকশার মধ্যেই আছে। 2024-এ, একটি নতুন বিল্ডিংয়ে নির্মাণকাজ শুরু হবে যেখানে খাবার ও পানীয়ের পাশাপাশি শৌচালয়ের সুযোগও থাকবে। বিল্ডিংটিতে একটি সৈকতের দিকে মুখ করে বসার চত্বর এবং বিনোদনের ক্ষেত্রগুলোর সাথে সংলগ্ন থাকবে। উইল্কেসন পয়েন্টে একই জায়গায় বাইকের পথ কমানোর জন্য পার্কিংয়ের জায়গাটিও উন্নত করা হবে। প্রথম বাফেলো রিভার মেরিনার ব্যক্তিগত বিনোদন এবং জলে যাওয়ার জন্য 100টির বেশি বোট স্লিপ আছে।

একদম সংলগ্ন না হলেও, বাফেলো হার্বার স্টেট পার্ক এবং সান লাইফ মেরিনা উন্নয়নের সাইটটির দক্ষিণে অবস্থিত। মেরিনার 1,000+ বোট স্লিপ আছে এবং গত পাঁচ বছরে প্রায় 35 মিলিয়ন ডলার সরকারি এবং বেসরকারি বিনিয়োগের সাক্ষী হয়েছে।

সম্পূর্ণ RFP-টি এখানে উপলভ্য (*দ্রষ্টব্য:* RFP *ডাউনলোড করার জন্য নিউইয়র্ক কনট্র্যাক্ট রিপোর্টার ওয়েবসাইটে একটি বিনামূল্যের অ্যাকাউন্ট থাকা প্রয়োজন*), এবং প্রস্তাবগুলো জমা দেওয়ার শেষ তারিখ 30 মার্চ, 2023 মঙ্গলবার রাত 8টা। একটি জমা দেওয়ার পূর্ব মিটিং এবং সাইট দর্শনের ব্যবস্থা করা হবে 15 ডিসেম্বর মঙ্গলবার দুপুর 1টায়, বাফেলোর 95 পেরি স্ট্রিটে ECHDC অফিসে। এই RFP-এর উত্তরদাতারা এমন কোনও ব্যবহারের মিশ্রণের প্রস্তাব দিতে পারেন যা উন্নয়নের লক্ষ্যগুলিকে অগ্রসর করবে এবং RFP এ বর্ণিত সমস্ত উন্নয়ন আবশ্যকতাগুলি পূরণ করবে।

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "আজকের শূণ্যগর্ভ হয়ে থাকা টার্মিনাল A আসলে বাফেলোর শিল্পবহুল অতীতের ধ্বংসাবশেষ। এই ঐতিহাসিক নির্মাণ ব্যক্তিগত মালিকানায় ফিরিয়ে আনার প্রক্রিয়া ফেডারেল ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট ট্রিগার করার জন্য অত্যাবশ্যকীয় যা আমাদের চলমান ওয়াটারফ্রন্ট উন্নয়নের উপর তৈরি একটি নতুন, উপস্থিত দর্শনীয় গন্তব্য হিসাবে এই ঐতিহাসিক রিসোর্সের সংরক্ষণ এবং রূপান্তরে সহযোগিতা করে। মোট পুনরুন্নয়ন খরচের 20% হিসাব করা ফেডারেল ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট, এই অঞ্চলে উন্নয়নের কার্যকলাপে প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার প্রণোদিত করে ডাউনটাউন বাফেলোর পুনরুন্নয়নের একটি অন্যতম প্রধান অনুঘটক।"

স্টেট সেনেটর টিম কেনেডি বলেন, "টার্মিনাল A এর পুনরুন্নয়নের জন্য RFP তাদের হাতে একটি অনন্য সুযোগের উপস্থাপনা করে যারা বাফেলোর পুনরুজ্জীবিত ওয়াটারফ্রন্টের সাফল্যে তা গড়ে তোলার কথা ভাবেন। গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট ক্রমাগত আউটার হার্বার এবং ক্যানেলসাইটের উন্নয়নে প্রাধান্য দিয়ে চলেছে এবং এই প্রকল্পটি সেই গতিবেগ এবং বিনিয়োগ আরও শক্তিশালী করবে যা আমরা ইতিমধ্যে দেখেছি।"

সিটি অফ বাফেলোর মেয়র বায়রন ডাব্লু. ব্রাউন বলেন, "টার্মিনাল A এর রূপান্তর আমাদের আউটার হার্বার এবং ক্যানেলসাইড চত্বরগুলোয় বছরের পর বছর ধরে করা বিকাশে অগ্রগতি আনবে। আউটার হার্বার এখন একটি দর্শনীয় গন্তব্য হয়ে উঠেছে, শুধুমাত্র আবাসিকদের জন্য এলাকা হিসাবেই নয়, সাথে যারা আমাদের সুন্দর শহরটি দেখতে আসেন তাদের জন্যও। আমি গভর্নর হোকলকে আমাদের শহরের প্রতি তার প্রতিশ্রুতি বজায় রাখার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

এরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

এরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন (ECHDC) ভোট দেয়ার ক্ষমতাসম্পন্ন সাতজন এবং ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টর সহ মোট নয়জন-সদস্যের একটি বোর্ড দ্বারা পরিচালিত হয়। এই সাতজন ভোট পরিচালকের সুপারিশ করেন নিউ ইয়র্ক স্টেট গভর্নর এবং ECHDC-এর একমাত্র শেয়ারহোল্ডার হিসেবে নিউ ইয়র্ক স্টেট আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Urban Development Corporation), যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নামে কাজ করে, তাদের দ্বারা নিয়োগ করা হয়। এরি কাউন্টির এক্সিকিউটিভ ও বাফেলো সিটির মেয়র ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টরের পদে অধিষ্ঠিত রয়েছেন।

স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) সাবসিডিয়ারি হিসেবে, এরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ক্যানেলসাইডে, ওহাইয়ো স্ট্রিট করিডর ও আউটার হার্বারে এমন পরিকাঠামো তৈরি করতে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত ক্রিয়াকলাপের আয়োজন করতে সহায়তা করে যেগুলো বহু মানুষকে আকর্ষণ করছে, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জল সংলগ্ন এলাকাগুলি উপভোগ করাকে সমৃদ্ধ করছে। এর ভিশন হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জলপথকে পুনরুজ্জীবিত করা এবং এই অঞ্চলের গর্বিত ইতিহাস, নাগরিক গুরুত্ব ও প্রাকৃতিক সৌন্দর্যের উপর ভিত্তি করে বাফেলোর অর্থনৈতিক সমৃদ্ধি ফিরিয়ে আনা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418